২১ আগস্ট গ্রেনেড হামলা: খালাসের বিরুদ্ধে তারেক রহমানসহ আসামিদের আপিল শুনানি চলছে



সংগৃহীত ছবি

২০০৪ সালের ২১ আগস্টের গ্রেনেড হামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ সব আসামির খালাসের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আপিলের শুনানি আজ পঞ্চম দিনে প্রবেশ করেছে।

আজ বৃহস্পতিবার (২১ আগস্ট) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমদের নেতৃত্বে আপিল বিভাগের ছয় বিচারপতির বেঞ্চে এই শুনানি অনুষ্ঠিত হয়। এটি ২১ আগস্ট গ্রেনেড হামলার মামলায় হাইকোর্টের খালাসের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা আপিলের পঞ্চম দিন।

হাইকোর্ট গত বছর ১ ডিসেম্বর হামলার মামলায় তারেক রহমানসহ সব আসামিকে খালাস দেয়। ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের সমাবেশে গ্রেনেড হামলায় ২৪ নেতাকর্মী নিহত হন। হামলার দুটি মামলা হত্যা ও বিস্ফোরক দ্রব্য আইনে হয়।

২০১৮ সালের রায়ে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ ১৯ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। তারেক রহমানসহ আরও ১৯ জনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং ১১ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছিল।

LENS ASIA